

# বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজ বনানী, ঢাকা-১২১৩।

## নোটিশ

নংঃ ববি/

তারিখঃ ০৩-০৬-২০২১

**বিষয় : দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ফুল-ফ্রি ও হাফ-ফ্রির আবেদন প্রসঙ্গে।**

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রতিষ্ঠানের ২য় শ্রেণি থেকে ১০ম শ্রেণির আগ্রহী ছাত্র-ছাত্রীদের নিকট থেকে ফুল-ফ্রি/হাফ-ফ্রি সুবিধা প্রাপ্তির জন্যে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহ্বান করা হচ্ছে। আবেদনপত্র ১০ টাকার বিনিময়ে অফিসের অফিস সহকারী রোকসানা বেগমের নিকট থেকে সংগ্রহ করা যাবে। আবেদন ফরমটি স্ব স্ব শ্রেণি শিক্ষকের নিকট ১৩ জুন, ২০২১ রবিবার (সময় ১০ টা থেকে ২ টা পর্যন্ত) জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

২। দরিদ্র ও মেধাবী, এতিম ও দুঃস্থ ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে। আর্থিকভাবে অসামর্থ্য অত্র প্রতিষ্ঠানে পাঠ গ্রহণরত দু-এর অধিক সংখ্যক সন্তান থাকলে সংশ্লিষ্ট অভিভাবক/শিক্ষার্থী উক্ত আবেদন করতে পারবে। কমপক্ষে এক বছর যে সকল ছাত্র-ছাত্রী অত্র প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে কেবল তারাই আবেদনের যোগ্য হবে। ইংরেজি ভাষার শিক্ষার্থীবৃন্দ আবেদনের যোগ্য নহে।

৩। আবেদন পত্রের সাথে পিতার মাসিক আয়ের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে। চাকুরীরত থাকলে সংশ্লিষ্ট অফিসের কর্তৃপক্ষের নিকট থেকে মাসিক আয়ের প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে। চাকুরীরত না থাকলে সংশ্লিষ্ট এলাকার চেয়ারম্যান/কমিশনারের নিকট থেকে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে।

৪। পূরণকৃত আবেদনপত্রগুলি শ্রেণি শিক্ষকদের মাধ্যমে আগামী ১৫ জুন ২০২১, মঙ্গলবার উপাধ্যক্ষ মহোদয়ের নিকট জমা দেয়ার জন্য বিশেষভাবে জানানো হলো।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজ  
প্রিয়াংকা হালদার শিখা  
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)  
বনানী বিদ্যানিকেতন স্কুল অ্যান্ড কলেজ  
বনানী, ঢাকা-১২১৩।

বিতরণ :

কার্যার্থে : উপাধ্যক্ষ মহোদয় ও সকল শ্রেণি শিক্ষক-শিক্ষিকা নোটিশ বই-এর মাধ্যমে।

অবগতিঃ কেন্দ্রীয় নোটিশ বোর্ডসহ ৩ টি গেইট।